গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
আইসিটি শাখা

বিষয়ঃ ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত পানি সম্পদ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ২২তম সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ রোকন উদ-দৌলা অতিরিক্ত সচিব।
সভার তারিখ	৩০ ডিসেম্বর ২০১৯, সোমবার।
সভার সময়	সকাল ১১:০০ টা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ ।
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'তে দেখানো হল ।

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে (২০১৮) দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণের কথা উল্লেখ ছিল। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ দেশ থেকে দুর্নীতি কমিয়ে জিরো টলারেন্সে নামিয়ে আনার যে প্রত্যয় ব্যক্ত করেছেন তার অংশ হিসাবে দেশের দুর্নীতির বিরুদ্ধে কার্যক্রমের বর্তমান প্রেক্ষাপট সম্পর্কে সভাপতি উপস্থিত সকলকে অবগত করেন। সভাপতি মহোদয় মাননীয় প্রধানমন্ত্রীর বিভিন্ন ভাষণে উল্লিখিত দুর্নীতি সম্পর্কিত বক্তব্যের অংশবিশেষ পড়ে শুনান। যেমন, জানুয়ারি ২৫, ২০১৯ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর জাতির উদ্দেশ্যে ভাষণের বলেন "আমি জানি, দুর্নীতি নিয়ে সমাজের সর্বস্তরে অস্বস্তি রয়েছে। দুর্নীতির সঙ্গে জড়িতদের নিজেদের শোধরানোর আহ্বান জানাচ্ছি। আইনের কঠোর প্রয়োগের মাধ্যমে দুর্নীতি উচ্ছেদ করা হবে। আমরা তথ্য যোগাযোগ প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণের মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে দুর্নীতির নির্মুল করার উদ্যোগ গ্রহণ করেছি। দুর্নীতি বন্ধে জনগণের অংশগ্রহণ জরুরি।"। এছাড়া ২০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ একুশে পদক ২০১৯ প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন "আমাদের অর্থনৈতিক ও সামাজিক অগ্রগতি ধরে রাখা, তরুণদের জন্য কর্মসংস্থান সৃষ্টি করা, দুর্নীতি, জঙ্গিবাদ ও মাদকমুক্ত বাংলাদেশ গড়ে তুলতে আমি আপনাদের সহায়তা কামনা করি"। সুতরাং প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক দুর্নীতি কমিয়ে জিরো টলারেন্সে নামিয়ে আনার জন্য আমাদের কাজ করে যেতে হবে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ মোতাহার হোসেন সভার কার্যক্রম উপস্থাপন করেন এবং নৈতিকতা কমিটির ২১তম সভার কার্যবিবরণী সভায় অনুমোদন নিয়ে এর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোকপাত করেন। সভায় পানি সম্পদ মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাসমূহের ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন পর্যালোচনা করা হয়। এছাড়া পানি সম্পদ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক ৯ নং কার্যক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক পরিবর্তিত কার্যক্রমসমূহের ওপর আলোচনা এবং অনুমোদিত হয়। সভায় শুদ্ধাচার পুরস্কার ও শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম পরিচালনার বাজেট বরাদ্দ, প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশসমূহের বাস্তবায়ন, ই-ফাইল কার্যক্রম, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রকাশ, সিটিজেন চার্টার ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। সভায় সংস্থাসমূহের প্রতিনিধিগণদের অনেকেই অভিযোগ করেন, তাদের প্রতিষ্ঠানে শুদ্ধাচার সংক্রান্ত সভা/সেমিনারের জন্য আনুষঙ্গিক ব্যয় সংশ্লিষ্ট সংস্থা বহন করতে চান না। এছাড়া সভার সভাপতি মহোদয় ই-ফাইল, শুদ্ধাচার কৌশল ইত্যাদি কার্যক্রম আরো গতিশীল করার জন্য তাগিদ দেন এবং যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে আওতাধীন সংস্থাপ্রধানদের নিয়ে একটি সভা আয়োজনের আগ্রহ প্রকাশ করেন।

২। নৈতিকতা কমিটির গত ২১তম সভার বাস্তবায়িত সিদ্ধান্তসমূহ:

ক্রঃ	বাস্তবায়িত সিদ্ধান্ত
১	পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন চারটি সংস্থা (বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, নদী গবেষণা ইনস্টিটিউট ও যৌথ নদী কমিশন) শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে পুরস্কার (৩২১১১০১) কোডে ও শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য শুদ্ধাচার (৩২৫৭১০৬) কোডে অর্থের চাহিদা এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।
২	পানি সম্পদ মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার হালনাগাদ ওয়েবসাইটে আপলোডসহ দৃশ্যমান স্থানে প্রদর্শন করার বিষয়টি নিশ্চিত করবেন।

৩	পানি সম্পদ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটিতে পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা এবং প্রশাসন-২ এর কর্মকর্তাগণকে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত এবং এ মন্ত্রণালয়ের ট্রাস্টি বোর্ড আইডব্লিউএম ও সিইজিআইএস এর নির্বাহী পরিচালকগণকে বাদ দিয়ে কমিটি পুনঃগঠন করবে।
৪	স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন ও হালনাগাদ করে স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
৫	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে কি পদক্ষেপ গ্রহণ করেছে সে বিষয়ে আগামী ৩১ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করবে।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা
১	পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহকে ই-ফাইল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় এঁর স্বাক্ষরে চিঠি প্রদান করবে।	প্রশাসন-২, পানি সম্পদ মন্ত্রণালয়
২	মন্ত্রণালয় এর অধীন দপ্তর/সংস্থাসমূহ ই-ফাইলিং, শুদ্ধাচার এবং বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (এপিএ) কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয় এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাপ্রধানদের সাথে সভা করবেন।	প্রশাসন-২, পানি সম্পদ মন্ত্রণালয়
৩	পানি সম্পদ মন্ত্রণালয়ের পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা কর্তৃক প্রেরিত প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতি চীফ মনিটরিং, বাপাউবো প্রত্যেক কোয়ার্টার শেষে তিন কার্যদিবসের মধ্যে এ মন্ত্রণালয়ের পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখায় প্রেরণ করবে।	পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা, পাসম ও চীফ মনিটরিং, বাপাউবো
৪	পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থায় অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত সভা/সেমিনারে আপ্যায়ন ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য সংশ্লিষ্ট সংস্থার প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	পানি সম্পদ মন্ত্রণালয় এর অধীন সকল দপ্তর/সংস্থা
৫	পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থা জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়িত সকল কার্যক্রমের প্রমাণক ওয়েবসাইটে আপলোড করবেন এবং অর্থবছর শেষে হার্ডকপি এ মন্ত্রণালয়ে উপস্থাপন করবে।	পানি সম্পদ মন্ত্রণালয় এর অধীন সকল দপ্তর/সংস্থা
৬	পানি সম্পদ মন্ত্রণালয়ে আয়োজিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভায় প্রদর্শিত প্রয়োজনীয় সংশোধন ও নির্দেশনা পরবর্তী ত্রৈমাসিক প্রতিবেদনে যথাযথভাবে প্রতিফলন করবে।	পানি সম্পদ মন্ত্রণালয় এর অধীন সকল দপ্তর/সংস্থা

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নের আহবান জানিয়ে এবং সভায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ রোকন উদ-দৌলা
অতিরিক্ত সচিব।

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০২৬.৯৯.০০৪.১৯.৩

তারিখ: ১৮ পৌষ ১৪২৬
০২ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৩) অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৫) যুগ্মপ্রধান, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

৬) যুগ্মসচিব, প্রশাসন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
৭) যুগ্মসচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৮) চীফ মনিটরিং, চীফ মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৯) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
১০) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট
১১) সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ
১২) উপসচিব, পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) সচিব, বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৪) উপসচিব, প্রশাসন শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
১৫) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৬) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১, পানি সম্পদ মন্ত্রণালয়
১৭) একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৮) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর দপ্তর-৩, যৌথ নদী কমিশন, বাংলাদেশ
১৯) সহকারী পোগ্রামার, অপারেশন এন্ড মেইনটেনেন্স শাখা, নদী গবেষণা ইনস্টিটিউট
২০) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

মোহাঃ শহীদুল্লাহ কায়সার
সিস্টেম এনালিস্ট